

দারস ১৩

বিষয়: নুন সাকিন ও তানবীন গুন্নাহ না করা

পাঠ ১: ইযহার = الْإِظْهَارُ (স্পষ্ট করে পড়া)

ইযহার অর্থ স্পষ্ট করে পড়া। ইযহারের হরফ ৬ টি, ح, غ, خ, ع, ه, ا।


মুখস্থ করণ: নুন সাকিন অথবা তানবীনের পর ইযহারের ছয়টি হরফের যে কোনো একটি হরফ আসলে নুন সাকিন বা তানবীনকে গুন্নাহ ছাড়া স্পষ্ট করে পড়তে হয়। এটাকে ইযহারে হাকীকি বলে।

অনুশীলনী

○ مَنْ هُوَ	○ مِنْ حَيْثُ	○ مَنْ أَعْطَى	○ كُفُوًا أَحَدٌ
○ عَلِيمٌ خَبِيرٌ	○ بِغُلْمٍ عَلِيمٍ	○ مِنْ خَوْفٍ	○ وَأَنْحَرُ

পাঠ ২: ইদগাম = الْإِدْغَامُ (মিলিয়ে পড়া)

ইদগামের হরফ ৬টি, ل, ر, ن, و, م, ي। মনে রাখার সুবিধার্থে একত্রে يَزْمَلُونَ। ইদগামকে দুভাগে ভাগ করা হয়। ১. ইদগাম বিল গুন্নাহ (গুন্নাহসহ মিলিয়ে পড়া), ২. ইদগাম বিলা গুন্নাহ (গুন্নাহ ছাড়া মিলিয়ে পড়া)।



মুখস্থ করুন: ইদগাম বিলা গুনাহ'র হরফ ২টি, ر, ل। নুন সাকিন অথবা তানবীনের পর ইদগামে বিলা গুনাহর দুটি হরফের যে কোনো একটি আসলে গুনাহ ছাড়া মিলিয়ে পড়তে হয়।

অনুশীলনী

○ مِنْ رَبِّكَ	○ أَنْ لَوْ كَانُوا	○ مِنْ رَحِيْقٍ
○ هُدًى لِّلْمُتَّقِيْنَ	○ وَيُلِّ لِّلْمُطَفِّفِيْنَ	○ وَلِكُلِّ أُمَّةٍ رَّسُوْلٌ

পাঠ ৩: ইযহারে মত্বলক্ব

মুখস্থ করুন: নুন সাকিনের পরে و অথবা ي আসলে গুনাহ ছাড়া স্পষ্ট করে পড়তে হয়। এটাকে ইযহারে মত্বলক্ব বলে।

অনুশীলনী

دُنْيَا	قِنْوَانٌ	بُنْيَانٌ	صِنْوَانٌ
---------	-----------	-----------	-----------

TAHZIB
— INSTITUTE —

তাহযিব ইনস্টিটিউট

দ্বীনি জ্ঞানার্জনের উন্মুক্ত প্ল্যাটফর্ম

www.tahzibinstitute.com

01730986832 (Call/WhatsApp)

